

ত্রিপুরা সরকার
প্রাণী সম্পদ বিকাশ দপ্তর
পণ্ডিত নেহেরু কম্প্লেক্স, গোখাঁবস্তী, আগরতলা
Email : ardd.tripura@gmail.com

ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২৫-২৬ ইং শিক্ষাবর্ষে **B.V.Sc. & A. H. (5^{1/2} বছরের)** পাঠ্যক্রমে ত্রিপুরা বোর্ড অফ জয়েন্ট এন্ট্রান্স এগজামিনেশনের (২০২৫ ইং) পি. সি. বি গুপের নির্বাচিত ছাত্র-ছাত্রীদের তৃতীয় কাউন্সেলিং (অফলাইন) দ্বারা নিম্নলিখিত কলেজগুলিতে ভর্তির জন্য আসন বন্টন করা হবে।

Sl. No	Name of the Institutions	Category wise vacancy position for 3rd Counselling (offline)				Total Vacancy
		UR	ST	SC	OBC	
1	College of Veterinary Sciences & A.H., R.K. Nagar, Tripura	05 (01 Ex-Service Man)	01	03	0	09 (01 Ex-Service Man)
2	College of Veterinary Sciences & A.H., Selesih, Mizoram	01	0	0	0	01
3	College of Veterinary Sciences & A.H., Jalukie, Nagaland	01	0	0	0	01
Total		07	01	03	0	11

এক্ষেত্রে যে সমস্ত ছাত্রছাত্রী অনলাইনে TBJEE ওয়েবসাইটে B.V.Sc. & A.H. পাঠ্যসূচীকে পছন্দ হিসেবে (Choice filling) নাম নথিভুক্ত করেছেন সেইসব ইচ্ছুক ছাত্র-ছাত্রীদেরকে নিজ নিজ Original documents যথা ১) বয়সের প্রমাণপত্র হিসাবে - Madhyamik Admit card বা Birth Certificate, ২) TBJEE ২০২৫ ইং এর Admit card এবং Merit Position ৩) H.S.+2 Stage মার্কসীট ৪) PRTC ৫) ST/ SC সংরক্ষণের প্রমাণপত্র ৬) দুই কপি পাসপোর্ট সাইজের ফটো ৭) আধার কার্ড ৮) রেশন কার্ড সহ আগামী ২০ শে সেপ্টেম্বর, ২০২৫ ইং (শনিবার) সকাল ১১.০০ ঘটিকায় তৃতীয় কাউন্সেলিং (অফলাইন) এর জন্য প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের অধিকর্তা কার্যালয়ের কনফারেন্স হল, পি এন কমপ্লেক্স, গোখাঁবস্তী, আগরতলাতে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

যদি কোন ছাত্র-ছাত্রী ত্রিপুরা বোর্ড অফ জয়েন্ট এন্ট্রান্স এগজামিনেশনের (২০২৫ ইং) মাধ্যমে নির্বাচিত হয়ে ইতিমধ্যে অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পেয়ে থাকেন তবে তাকে ঐ সিট Surrender এর প্রমাণপত্র অবশ্যই জমা দিতে হবে।

ভর্তির ন্যূনতম যোগ্যতা :- পদার্থবিদ্যা , রসায়নবিদ্যা , জীববিদ্যা এবং ইংরেজীতে তপশিলী উপজাতি/ তপশিলী জাতি সংরক্ষিত আসনের ক্ষেত্রে ৪৭.৫% নম্বর এবং অসংরক্ষিত আসনের ক্ষেত্রে ৫০ % নম্বর সহ উচ্চ মাধ্যমিক (H.S.+2 Stage এর) পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

বি: দ্র : -

- উল্লিখিত কাউন্সেলিং এর নির্ধারিত সময়ে সকল ছাত্র-ছাত্রীদেরকে অবশ্যই উপস্থিত থাকতে হবে। ছাত্র-ছাত্রীদের নির্ধারিত সময়ে অনুপস্থিতির কারণে মেরিট লিষ্ট অনুযায়ী পরবর্তী ছাত্র-ছাত্রীদেরকে আসন বন্টন করা হলে কতৃপক্ষ দায়ী থাকবে না।
- বিভিন্ন কলেজে কাউন্সেলিং এর মাধ্যমে নির্বাচিত ছাত্র-ছাত্রী ভর্তি ও Surrender এর নিরিখে উল্লিখিত আসন সংখ্যার পরিবর্তন হতে পারে।

(Dr. N.K. Chanchal, IFS)

Director

Animal Resources Development Dept.